

# এমপিওভুক্তির দাবিতে অবস্থান কর্মসূচি, যানজট-জনদুর্ভোগ

নিম্ন প্রতিবেদক •

শিক্ষার্থী, সব বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্তির (বেতন-ভাতা বাবদ মাসিক সরকারি টাকা) দাবিতে গতকাল সোমবার রাজধানীর জাতীয় প্রেসক্লাবের সামনের রাস্তায় অবস্থান কর্মসূচি পালন করেছে নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ঐক্যজোট। আজ আবারও তারা একই

স্থানে অবস্থান কর্মসূচি পালন করবে। দিনভর শিক্ষকদের এই কর্মসূচির কারণে রাস্তার এক পাশে যান চলাচল বন্ধ হয়ে তীব্র যানজটের সৃষ্টি হয়। যার প্রভাব পড়ে আগপাড়ার সব রাস্তায়। এই যানজটের ফলে

মানুষকে চরম দুর্ভোগে পড়তে হয়। যাত্রীরা ঘণ্টার পর ঘণ্টা রাস্তায় আটকে থাকে। অনেককে বাস বা গাড়ি থেকে নামে হেঁটেই গড়বো রওনা দিতে হয়।

পরে বিকেলে নতুন কর্মসূচি নিয়ে গতকালকের অবস্থান কর্মসূচি স্থগিত করা হয়। ঐক্যজোটের সভাপতি এগারত অর্ধী প্রথম অঙ্গিকে বলেন, আজ সকাল ১০টায় আবারও জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থান কর্মসূচি শুরু করা হবে। পরে বেলা ১১টার দিকে মিছিল নিয়ে শিক্ষা ভবনখ্যাত মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর ঘেরাও করা হবে। গতকাল অবস্থান কর্মসূচিতে গিয়ে দেখা যায়, সারা দেশ

থেকে আসা কয়েক হাজার শিক্ষক-কর্মচারী মিছিল-প্রোগ্রামে পুরা এলাকা মুখর রেখেছেন। তারা প্রেসক্লাব থেকে পল্টন মোড় পর্যন্ত মিছিল করেন। এক শিক্ষককে বাসি গায়ে বুকে মাননীয় প্রধানমন্ত্রী, অবিলম্বে এমপিওভুক্তির ঘোষণা চাই লেখা নিয়ে প্রোগ্রাম দিতে দেখা গেছে। শিক্ষকেরা বলেন, দাবি পূরণ না হলে এবার তাঁরা আর ঘরে যাবেন না।

শিক্ষক-কর্মচারী নেতারা বলেন, দীর্ঘদিন ধরে এই দাবিতে আন্দোলন করছেন তাঁরা। গত অক্টোবর মাসে একই দাবিতে কর্মসূচি পালনের সময় পুলিশ তাঁদের লাঠিপেটা করে। তখন প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে জানানো হয়, দু-এক দিনের মধ্যেই দাবি নিয়ে প্রধানমন্ত্রী তাঁদের সঙ্গে বৈঠক

করবেন। কিন্তু এখনো সেই বৈঠক হয়নি। এ জন্য তাঁরা বাধ্য হয়ে আবারও কর্মসূচি পালন করছেন। দাবি পূরণ না হওয়া পর্যন্ত কর্মসূচি চলবে।

শিক্ষকেরা বলেন, অবিলম্বে স্বীকৃতিপ্রাপ্ত সব শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির পাশাপাশি যোগদানের সময় থেকে চাকরির বয়সকাল গণনা করতে হবে।

ঐক্যজোট গত ৩০ ডিসেম্বর ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে সংবাদ সম্মেলন করে এ জানুয়ারির মধ্যে দাবি পূরণের সময় বেধে দিয়েছিল। কিন্তু সেই সময়েও দাবি পূরণ না হওয়ায় পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী গতকাল অবস্থান কর্মসূচি শুরু হয়।

## আজ আবারও শিক্ষকদের অবস্থান